(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
মানব সম্পদ উন্নয়ন শাখা
www.dls.gov.bd
----

**"আমিষেই শক্তি, আমিষেই মুক্তি"**

**স্মারক নম্বর:** ৩৩.০১.০০০০.০০০.১১০.৫৩.০০০২.১৭.১৪৫৬

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩৩
৬ আগস্ট ২০২৬

বিষয়: **১ (এক) দিন বয়সী প্যারেন্টষ্টক মুরগির বাচ্চা আমদানির অনুমতি প্রদান প্রসঙ্গে।**
সূত্র: ফার্মস পোল্ট্রি হ্যাচারী এর ০২/০৭/২০২৬ খ্রি. তারিখের পত্র মোতাবেক।

সূত্রাধীন পত্রের প্রেক্ষিতে আপনাকে **হ্যাঙ্গেরি** হতে ০১ (এক) দিন বয়সী Tetra HB Color Medium Growth Broiler Parent Stock জাতের ১৩,৯৭৮ (তের হাজার নয়শত আটাত্তর) টি মুরগির বাচ্চা নিম্নে বর্ণিত শর্তে আগামী ০৪/১১/২০২৬ খ্রি.তারিখের মধ্যে আমদানি করার জন্য অনুমতি প্রদান করা হলো (PI No: ২৬১৮৩, তারিখ: ২২.০৬.২০২৬):

**<u>শর্তসমূহঃ</u>**
১। অনুমোদিত সকল প্যারেন্ট ষ্টক মুরগির বাচ্চা "সংক্রামক" রোগমুক্ত এই মর্মে রপ্তানিকারক দেশের দায়িত্ব প্রাপ্ত ভেটেরিনারিয়ান দ্বারা প্রত্যয়ন করত: প্রত্যয়ন পত্র আমদানির সময় সঙ্গে প্রদান করতে হবে।
২। বাচ্চা দেশে পৌছার পর আমদানিকারক নিজ দায়িত্বে ন্যূনতম ৩(তিন) সপ্তাহ কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অবহিত করবেন। উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কোয়ারেন্টাইন সময়ে মনিটরিং করবেন এবং একটি প্রতিবেদন দাখিল করবেন।
৩। বাচ্চা দেশে পৌছার পর পরই কমপক্ষে ৩ (তিন)টি বাচ্চা কোয়ারেন্টাইন অফিসার, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন ষ্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা এর মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮,কাজী আলাউদ্দিন রোড, ঢাকাতে প্রেরণ করতঃ রোগ নির্ণয় প্রতিবেদন সংগ্রহ করে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করবেন।
৪। অনুমোদিত সকল প্যারেন্ট ষ্টক বিমান যোগে আমদানি করতে হবে এবং এভিয়ান ইনফ্লুয়েঞ্জা আক্রান্ত দেশের ট্রানজিট গ্রহন করা যাবে না।
৫। বাচ্চা আমদানির পর খামারের অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
৬। বাচ্চা আমদানির পর রপ্তানিকারক দেশ হতে প্রাপ্ত স্বাস্থ্যগত সনদ পত্র ও এলসির কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
৭। রপ্তানীকারক দেশের সংশ্লিষ্ট ফার্মে Notifiable AI দেখা দিলে তাৎক্ষনিকভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে। এই আদেশ অমান্য করে বাচ্চা আমদানি করলে সকল দায় দায়িত্ব আমদানিকারক প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
৮। জনস্বার্থে কর্তৃপক্ষ যে কোন সময় আমদানি অনুমতি বাতিল বা স্থগিত করতে পারবেন।
৯। সরকারি নির্ধারিত মূল্যে বাচ্চা বিক্রি করতে হবে।
১০। মুরগির বাচ্চা দেশে পৌছার কমপক্ষে ৭দিন পূর্বে কোয়ারেন্টাইন ষ্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকাকে অবহিত করতে হবে।
১১। দেশে প্রচলিত সংশ্লিষ্ট সকল আইন ও বিধি মেনে আমদানি করতে হবে।

**সংযুক্তিঃ**
(১) সঙযুক্তি সমুহ

০৯-০৮-২০২৬
ডাঃ সাখাওয়াত হোসেন
উপপরিচালক


প্রোপাইটার
ফার্মস পোল্ট্রি হ্যাচারী (খামার: গ্রাম: উত্তর আরশনগর, ডাকঘর: মাগুরাঘোনা, উপজেলা: ডুমুরিয়া, জেলা: খুলনা।)।

**স্মারক নম্বর:** ৩৩.০১.০০০০.০০০.১১০.৫৩.০০০২.১৭.১৪৫৬/১ (৭)

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩৩
৬ আগস্ট ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, খুলনা।
২। কমিশনার অব কাস্টমস,, কাস্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
৩। মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা (রোগ নির্ণয় প্রতিবেদন ের এক কপি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণকরার জন্য অনুরোধ করা হলো)।
৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, খুলনা (খামার পরিদর্শন পূর্বক প্রতি মাসে পরিদর্শন প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করার জন্য অ নুরোধ করা হলো)।
৫। অফিসার ইনচার্জ, ইনফরমেশন এন্ড আইটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। অফিসার ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন ষ্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ঢাকা।
৭। অফিস কপি।



০৯-০৮-২০২৬
ডাঃ সাখাওয়াত হোসেন
উপপরিচালক